

# **AKASHVANI (AIR)**

**RNU : KOLKATA**

**Bengali Text Bulletin**

**Date 14-11-2025**

**Time: 7.35 A.M.**

## বিশেষ বিশেষ খবরঃ-

- ১) রাজ্যে বিধানসভা ভোটের প্রস্তুতি এবং এসআইআর-এর কাজের অগ্রগতি খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের একটি দল আগামী সপ্তাহে ফের রাজ্যে আসছে।
- ২) ভারত-বাংলাদেশ সীমান্তের কয়েকশ' কিলোমিটার এলাকায় কঁটাতারের বেড়া দেওয়া নিয়ে রাজ্যের হলফনামা তলব করেছে কলকাতা হাইকোর্ট।
- ৩) কলকাতা হাইকোর্ট এক ঐতিহাসিক রায়ে কৃষ্ণনগর উত্তর থেকে নির্বাচিত মুকুল রায়ের বিধায়ক পদ খারিজ করে দিয়েছে। এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে বিজেপি ও সিপিআইএম।
- ৪) রাজ্যে মা ও শিশুদের পুষ্টির বিষয়টি নিশ্চিত ও সময়োপযোগী করতে নতুন ব্যবস্থাপনা চালু হচ্ছে।
- ৫) নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে দেশের প্রথম প্রধানমন্ত্রী পদ্মিত জওহরলাল নেহরুর জন্মদিনটি আজ শিশু দিবস হিসাবে উদযাপিত হচ্ছে।
- ৬) দীর্ঘ ৬ বছর পর ইডেনে ফিরছে টেস্ট ক্রিকেট ম্যাচ। দুই ম্যাচের সিরিজের প্রথমটিতে ভারত আজ দক্ষিণ আফ্রিকার মুখোমুখি হচ্ছে।

ভোটার তালিকায় বিশেষ নিরিড় সংশোধনীর কাজ চলাকালীন নির্বাচন কমিশন রাজ্যে আগামী বছরের বিধানসভা ভোটের প্রস্তুতিও শুরু করে দিয়েছে। এসংক্রান্ত প্রস্তুতি খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের প্রতিনিধিরা আগামী সপ্তাহে ফের রাজ্যে আসছেন। নির্বাচন কমিশন সূত্রে জানা গিয়েছে, সংশোধনী প্রক্রিয়ায় কোনো ধরনের অনিয়ম বা পক্ষপাতিত্ব ঘাতে না হয়, তা নিশ্চিত করতেই এই সফর। আগামী ২১ নভেম্বর রাজ্য সফরে এসে কমিশনের প্রতিনিধিরা রাজ্যের বিভিন্ন জেলা ও ব্লকে SIR-এর অগ্রগতি, BLO দের কাজ, এবং অভিযোগের নিষ্পত্তি কর্তৃদূর এগিয়েছে, তা খতিয়ে দেখবেন। বৈঠকে ইভিএম প্রস্তুতি ও ভোটার তালিকার পর্যালোচনা মূলত দুইটি বিষয়ের উপর জোর দেওয়া হবে বলে জানা গেছে।

ভোটার তালিকায় বিশেষ নিরিড় সংশোধন বা SIR এর কাজে BLO দের দিয়ে তথ্য আপলোড করানোর কাজের তীব্র বিরোধিতা করেছে ভোটকর্মী ও BLO এক্য মঞ্চ। গতকাল নদীয়ার করিমপুর এক নম্বর ব্লকে BLO দের প্রবল বিক্ষেপকে সমর্থন জানিয়ে, মঞ্চের সাধারণ সম্পাদক স্বপন মন্ডল বলেন, কোন কোন ক্ষেত্রে এক জন BLO কে প্রায় বারোশ ভোটারের তথ্য আপলোড করতে হবে। কমিশন নির্ধারিত সময়সীমার মধ্যে এই কাজ শেষ করা প্রায় অসম্ভব বলে তিনি মন্তব্য করেন। পূর্ব বর্ধমানের কাটোয়া-তেও এর বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছেন BLO-দের একাংশ।

শিক্ষানুরাগী এক্য মঞ্চ বিএলও-দের দিয়ে ডেটা এন্ট্রির কাজ না করিয়ে অন্যদের দিয়ে এই কাজ করানোর দাবি জানিয়েছে। এই দাবি জানিয়ে মঞ্চের সাধারণ সম্পাদক কিংকর অধিকারী আজ রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল কে চিঠি দিয়েছেন।

---

পাঁচটি বাম ছাত্র সংগঠন রাজ্যে SIR কর্মসূচির মধ্য দিয়ে কোনো ছাত্র ও তরুণ ভোটারের নাম যাতে তালিকা থেকে বাদ না যায় সেই দাবি জানিয়েছে। এই দাবি জানিয়ে পাঁচ বাম ছাত্র সংগঠনের প্রতিনিধিরা গতকাল রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল এর সঙ্গে দেখা করেন।

---

উত্তর ২৪ পরগণার ঠাকুর নগরে নিঃশর্ত নাগরিকত্ব ও ভোটাধিকারের দাবিতে মতুয়া মহাসংঘের একাংশের অনশন আন্দোলন মধ্যে গতকাল যান কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী। নিঃশর্ত নাগরিকত্ব ও ভোটাধিকারের দাবিতে মতুয়াদের আন্দোলনের পাশে তিনি ও তার দল রয়েছে বলে অধীর বাবু মন্তব্য করেন। সম্মানের সঙ্গে বাঁচার জন্য ভোটার তালিকায় নাম থাকা দরকার বলে মন্তব্য করেন তিনি।

---

ভারত-বাংলাদেশ সীমান্তের কয়েকশ' কিলোমিটার এলাকায় কাঁটাতারের বেড়া দেবার দাবীতে দায়ের হওয়া মামলায়, রাজ্যের হলফনামা তলব করেছে কলকাতা হাইকোর্ট। ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থসারথি সেনের ডিভিশন বেঞ্চ, ১৫ দিনের মধ্যে রাজ্যের বক্তব্য হলফনামা আকারে জমা দেওয়ার নির্দেশ দিয়েছেন।

উল্লেখ্য, বাংলাদেশের সঙ্গে পশ্চিমবঙ্গের ২'হাজার ২১৬ কিলোমিটার সীমান্ত এলাকা রয়েছে। এর মধ্যে অনেক জায়গাতেই কাঁটাতারের বেড়া নেই। ফলে রাজ্যের পাশপাশি দেশে অনুপ্রবেশ ও চোরাচালন বাঢ়ে। ক্ষতি হচ্ছে রাষ্ট্রীয় সম্পদের। কেন্দ্রের অতিরিক্ত সলিসিটার জেলারেল অশোক চক্রবর্তী আদালতে জানিয়েছেন, সীমান্তে বেড়া দেবার

ব্যাপারে রাজ্য, কেন্দ্রীয় সরকারের সঙ্গে সহযোগিতা না করায়, সেই কাজ আটকে আছে। এর প্রেক্ষিতেই হাইকোর্টের এই নির্দেশ।

---

২০২৩ এর একটি মামলার তদন্তে জাতীয় তদন্তকারী সংস্থা এনআইএ-র একটি দল গতকাল কোচবিহারের দিনহাটায় অভিযান চালায়। গোবরাছাড়া নয়ারহাট গ্রাম পথগায়েতের নানদিনা গ্রামের বাসিন্দা আরিফ হোসেনের বাড়িতে চলে তল্লাশি। আরিফ বাড়িতে না থাকায় তার পরিবারের সদস্যদের জিজ্ঞাসাবাদ করা হয়েছে। বাজেয়াপ্ত করা হয়েছে দুটি মোবাইল ফোন ও সিম কার্ড। আরিফ হোসেনের বিরুদ্ধে ভারতীয় দণ্ডবিধির বিভিন্ন ধারায় মামলা দায়েরের পাশাপাশি বিদেশী নাগরিক আইনের কয়েকটি ধারাও দেওয়া হয়েছে।

---

কলকাতা হাইকোর্ট এক ঐতিহাসিক রায়ে কৃষ্ণনগর উত্তর থেকে নির্বাচিত মুকুল রায়ের বিধায়ক পদ খারিজ করে দিয়েছে। এই প্রথম আদালতের রায়ে এরাজ্যের কোনো বিধায়কের পদ খারিজ হল। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী ও অম্বিকা রায়ের করা মামলার ভিত্তিতে এই নির্দেশ দিয়েছে বিচারপতি দেবাংশু বসাক ও বিচারপতি মহ শৰ্বার রাশন্দির ডিভিশন বেঞ্চ। পাশাপাশি, মুকুল রায় কে বিজেপি বিধায়ক হিসাবে চিহ্নিত করার, বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়ের সিদ্ধান্তকেও খারিজ করেছে বেঞ্চ।  
মুকুল রায়ের বিধায়ক পদ খারিজের দাবি জানিয়ে ২০২১ সালে কলকাতা হাইকোর্টে মামলা দায়ের হয়। সে বছর বিধানসভা নির্বাচনে বিজেপির টিকিটে জিতে বিধায়ক হন মুকুল রায়। পরে তৃণমূল কংগ্রেসে ফিরে যান তিনি।

পাশাপাশি, মুকুল রায় বিজেপি-তেই আছেন বলে সেই সময় বিধানসভা স্পিকার বিমান বন্দ্যোপাধ্যায় যে রায় দিয়েছিলেন, তাকে চ্যালেঞ্জ জানিয়ে শীর্ষ আদালতে মামলা করেন বিরোধী দলনেতা। কিন্তু সেই মামলা ফিরিয়ে দিয়ে হাইকোর্টে যাওয়ার কথা বলে সুপ্রিম কোর্ট। এরপরই অধ্যক্ষের রায়কে চ্যালেঞ্জ করে কলকাতা হাইকোর্টের দ্বারা শুভেন্দু অধিকারী।

দলত্যাগ করলেও বিধানসভার অধ্যক্ষ যে ভাবে মুকুল রায় কে বিজেপির বিধায়ক বলে সিদ্ধান্ত নিয়েছিলেন তা অনৈতিক বলে মন্তব্য করেছেন শুভেন্দু বাবু।

### বাইট শুভেন্দু

বিজেপির প্রাক্তন রাজ্য সভাপতি কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার মুকুল রায়ের বিধায়ক পদ খারিজের হাইকোর্টের সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে। কলকাতায় এক সাংবাদিক সম্মেলনে শ্রী মজুমদার বলেন, মুকুল বাবু অনৈতিক কাজ করেছেন এবং তার জন্যই আদালত তার সদস্যপদ খারিজ করেছে। যেসব বিধায়ক দলত্যাগ করে তৃণমূল কংগ্রেসে গেছে, এই রায় তাদের জন্য এক শিক্ষা বলে শ্রী মজুমদার অভিমত প্রকাশ করেছেন।

### বাইট সুকান্ত

শুধু মুকুল রায় নয়, এরকম আরো অনেকেই অনৈতিক ভাবে দলত্যাগ করলেও তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা নেওয়া হয়নি বলে CPIM কেন্দ্রীয় কমিটিরফ সদস্য সুজন চক্রবর্তী মন্তব্য করেছেন।

### বাইট সুজন

এদিকে, বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় বলেছেন, হাইকোর্টের রায় দেখে তিনি এ বিষয়ে সিদ্ধান্ত নেবেন।

### বাইট বিমান

---

রাজ্য মা ও শিশুদের পুষ্টির বিষয়টি নিশ্চিত ও সময়োযোগী করতে সরকার নতুন ব্যবস্থাপনা চালু করছে। ‘পোষণ ট্র্যাকার’ অ্যাপের নিরবচ্ছিন্ন কার্যকারিতা, রিয়েল টাইম রিপোর্টিং এবং উপভোক্তাদের তথ্যের সুরক্ষা নিশ্চিত করতে রাজ্য সরকার ১ লক্ষের বেশি অঙ্গনওয়াড়ি কর্মীর স্মার্টফোনগুলিকে কেন্দ্রীয় মোবাইল ম্যানেজমেন্ট সিস্টেমের আওতায় আনছে। রাজ্যের নারী ও শিশু উন্নয়ন এবং সমাজকল্যাণ দফতরের উদ্যোগে শুরু হওয়া এই প্রকল্পের মূল লক্ষ্য—অ্যাপ-ভিত্তিক পরিষেবায় তথ্য ফাঁস রোধ, কাজের গতি বাড়ানো এবং কার্যকারিতা উন্নত করা।

---

পশ্চিম মেদিনীপুরের ঘাটালে শীলাবতী সহ বিভিন্ন নদী ও খাল সংস্কারের কাজ এখনও শুরু না হওয়ায় ক্ষেত্র সৃষ্টি হয়েছে মানুষের মনে। রাজ্য সরকারের তরফে ঘাটাল মাস্টার প্ল্যানের কাজ শুরু হওয়ার কথা বলা হলেও বিষয়টি নিয়ে তেমন অগ্রগতি দেখা যাচ্ছে বলে তাদের অভিযোগ। শীলাবতী নদীর নিম্ন অববাহিকা ছাড়াও মাস্টার প্ল্যানের অন্তর্গত সমস্ত নিকাশি খালের দ্রুততার সঙ্গে পূর্ণ সংস্কারের দাবিতে স্মারকগুলিপি জমা দেওয়া হয়েছে জেলাশাসক এবং সেচ দপ্তরের কাছে।

---

কেবল পরিবর্তন এবং রক্ষণাবেক্ষণের কাজের জন্য কলকাতা ও হাওড়ার মধ্যে সংযোগকারী দ্বিতীয় ছত্র সেতু আরও এক দফায় বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আগামী রবিবার ১৬ ই নভেম্বর ভোর পাঁচটা থেকে রাত ন'টা পর্যন্ত এই সেতুর উপর দিয়ে কোন যানবাহন চলাচল করবে না বলে কলকাতা পুলিশের তরফে এক বিজ্ঞপ্তি জানানো হয়েছে। এই সময় সেতুর উপর দিয়ে চলাচলকারী সব ধরনের যানবাহন বিকল্প পথে ঘুরিয়ে দেওয়া হবে।

---

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ দেশের প্রথম প্রধানমন্ত্রী পদ্ধিত জওহরলাল নেহেরুর ১৩৭ তম জন্মবার্ষিকী শিশু দিবস হিসেবে উদযাপিত হচ্ছে। স্বেরাচারী ইংরেজ শাসকের কবল থেকে দেশকে মুক্ত করতে জওহরলাল নেহেরু যোগ দিয়েছিলেন স্বাধীনতা আন্দোলনে। স্বাধীন ভারতের প্রথম প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্বভার গ্রহণ করেন তিনি। শিশুদের কাছে চাচা নেহেরু হিসাবে অত্যন্ত জনপ্রিয় ছিলেন। আজ প্রদেশ কংগ্রেস কার্যালয় বিধান ভবনে আয়োজিত অনুষ্ঠানে প্রদেশ কংগ্রেসের তরফ থেকে দেশের প্রথম প্রধানমন্ত্রীর প্রতি শুন্দা জ্ঞাপন করা হবে।

---

ইডেনে দুই ম্যাচের টেস্ট সিরিজের প্রথম ক্রিকেট টেস্টে ভারত ও দক্ষিণ আফ্রিকা আজ মুখোমুখি হচ্ছে। খেলা শুরু হবে সকাল সাড়ে ৯ টায়।

একটি প্রতিবেদন

---

তাপমাত্রার পারদ ক্রমশ নিম্নমুখী হওয়ায় রাজ্য জুড়ে শীতের আমেজ। রাজ্যের পশ্চিমের জেলাগুলিতে যেমন তাপমাত্রা অনেকটাই নেমেছে, তেমনই উত্তরেও কমেছে সর্বনিম্ন তাপমাত্রা। আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৭ দশমিক ১ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের চেয়ে ৩ দশমিক ২ ডিগ্রি কম।

গতকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল স্বাভাবিকের চেয়ে প্রায় ৩ ডিগ্রি কম ২৭ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস। আগামী কয়েকদিন পরিস্থিতি একই রকম থাকবে বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে।

---